## হরতাল

# চট্টগ্রামের নামীদামী স্কুলের ভর্তি পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়া হয়েছে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** একের পর এক হরতালের কারণে চট্টগ্রামের নামীদামী ও শীর্ষস্থানীয় স্কুলগুলোর ভর্তি পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়া হয়েছে। ইস্পাহানি পাবলিক স্কুল এ্যান্ড কলেজের ৬ষ্ঠ শ্রেণীর স্থগিতকৃত ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার পূর্ব নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয়ের ১০ ও ১১ জানুয়ারির স্থগিতকৃত পরীক্ষা যথাক্রমে আজ শুক্রবার ও আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম সরকারী কলেজিয়েট হাইস্কুলের ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর ভর্তি পরীক্ষা পূর্ব নির্ধারিত তারিখের পরিবর্তে আগামী ২০ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এর মধ্যে ৬ষ্ঠ শ্রেণীর পরীক্ষা সকালে এবং ৯ম শ্রেণীর পরীক্ষা বিকালে হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। নাসিরাবাদ সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের আগামী ১৪ ও ১৫ জানুয়ারি অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষা যথাক্রমে ১৯ ও ২০ জানুয়ারি অনুষ্ঠিত হবে।